গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
গলাচিপা, পটুয়াখালী।
www.galachipa.patuakhali.gov.bd

**পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী ।**

সভাপতি ঃ মুহাম্মদ সাহিন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গলাচিপা, পটুয়াখালী।
তারিখ ঃ ২৪ অক্টোবর ২০২৩ খ্রিঃ
সময়ঃ সকাল ১২.৩০ ঘটিকা
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, গলাচিপা ।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভায় কার্যক্রম আরম্ভ করেন। অত:পর তিনি সভাকে অবহিত করেন যে, আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নং ১১ তারিখ ঃ ২৪-১০-২০২৩ খ্রিঃ মোতাবেক ঘূর্ণিঝড় "হামুন" আরো উত্তর পূর্বদিকে অগ্রসর ও ঘনিভূত হয়ে অতি প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছে এবং বর্তমানে উত্তর পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর পূর্ব বঙ্গোপসাগর এলাকায় (২০.২ ডিগ্রী উত্তর অক্ষাংশ এবং (৮৯.৬ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। আজ ২৪ অক্টোবর ২০২৩খ্রিঃ দুপুর ১২ ঘটিকায় চট্রগ্রাম সমুদ্র বন্দর থেকে ৩৩০ কিঃ মিঃ পশ্চিম- দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্র বন্দর থেকে ২৯৫ কিঃ মিঃ পশ্চিম ও দক্ষিণ পশ্চিমে মোংলা সমুদ্র বন্দর থেকে ২৫০ কিঃ মিঃ, দক্ষিণ-পশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ২১৫ কিঃ মিঃ দক্ষিণ পশ্চিমে অবস্থান করছিল। এটি আরও উত্তর ও উত্তরপূর্বদিকে অগ্রসর হয়ে শেষ রাত থেকে সকাল নাগাদ ( ২৫ অক্টোবর ২০২৩ খ্রিঃ) মেঘন মোহনার নিকট গিয়ে বরিশাল চট্টগ্রাম উপকূল ঘূর্ণিঝড় হিসেবে অতিক্রম করতে পারে। অতি প্রবল ঘূর্ণিঝড়ের অগ্রবর্তী অংশের প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় ধমকা/ঝড়ো হাওয়াসহ ভারি ( ৪৪-৮৮ মিঃমিঃ) থেকে অতি ভারি বর্ষণ অব্যাহত রয়েছে। পায়রা ও চট্রগাম সমুদ্রবন্দরকে ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত দেখাতে বলা হয়েছে। এ কারণে সভায় নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করে তা বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

| ক্র নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যলিয়ে একটি নিয়ন্ত্রন কক্ষ খোলার সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলার চেয়ারম্যান ০১৭১১২০৯৬২৯, উপজেলা নির্বাহী অফিসার ০১৭৩৩-৩৩৪১৫৩, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় ০১৭০০-৭১৭০৮৯, ফায়ার সার্ভিস স্টেশন অফিসার ০১৭৩১২০০৮৯৮, অফিসার ইনসার্স গলাচিপা থানা- ০১৩২০-১৫৫২৩৩, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ০১৭০১-২৪৮৩৮১। | উপজেলা নির্বাহী অফিসার<br>গলাচিপা, পটুয়াখালী। |
| ০২ | <u>দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী ২০১৯ মোতাবেক ছয়টি উপ-কমিটি গঠন ও তদানুযায়ী দায়িত্ব বণ্টনঃ</u><br>ক. প্রচার উপকমিটি: আহ্বায়ক- সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গলাচিপা, পটুয়াখালী।<br>খ.ত্রাণ ও খাবার পানি উপ-কমিটি: আহ্বায়ক-উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।<br>গ. আশ্রয়কেন্দ্র প্রস্তুত বিষয়ক উপ-কমিটি: আহ্বায়ক- উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।<br>ঘ. নদী ভাঙ্গন মনিটরিং উপ-কমিটি: আহ্বায়ক- সহকারী কমিশনার ভূমি, গলাচিপা, পটুয়াখালী<br>ঙ. প্রতিবন্ধকতা অপসারণ উপ-কমিটি: আহ্বায়ক- উপ-ব্যবস্থাপক, পল্লী বিদ্যুৎ , গলাচিপা।<br>চ. কৃষি ও প্রাণি সম্পদের সুরক্ষা বিষয়ক উপ-কমিটি: আহ্বায়ক- উপজেলা কৃষি কর্মকর্তা | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট কমিটির সদস্যগণ |
| ০৩ | দুর্যোগকালীন সময়ে জনসাধারন যাতে সহজে এবং নির্বিঘ্নে সাইক্লোন শেল্টারে আশ্রয় গ্রহণ করতে পারে সে লক্ষে সকল সাইক্লোন শেল্টারসমূহ সার্বক্ষণিক ভাবে খোলা রাখার সিদ্ধান্ত গৃহিত হয় । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও<br>উপজেলা শিক্ষা অফিসার<br>গলাচিপা, পটুয়াখালী। |
| ০৪ | প্রাপ্ত আবহাওয়া সংকেতসমূহ অবহিত হয়ে জনসাধরণ যাতে সময়মত নিরাপদ স্থানে সরিয়ে নেয়া যায় সে জন্য মাইকিং করার জন্য প্রয়োজনীয় মাইক প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল। | চেয়ারম্যান ,ইউনিয়ন পরিষদ (সকল)<br>গলাচিপা, পটুয়াখালী। |
| ০৫ | ঘূর্ণিঝড় "হামুন" এর সংকেত ৪ নম্বর থেকে উন্নীত হওয়ার সংবাদ পাওয়া মাত্রই সকল ধরনের মাছ ধরার ট্রলার /নৌকা নিরাপদ স্থানে সরিয়ে নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয় । | উপজেলা মৎস্য অফিসার<br>গলাচিপা, পটুয়াখালী। |
| ০৬ | ঘূর্ণিঝড় "হামুন" মোকাবিলায় নিম্নাঞ্চলের লোকজন নিরাপদ স্থানে সরিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় ট্রলার প্রস্তুত রাখা ও বিট পুলিশদের দায়িত্ব দেয়ার জন্য অনুরোধ করা হল। | অফিসার ইন চার্জ ,<br>গলাচিপা, পটুয়াখালী। |
| ০৭ | ঘূর্নিঝড় "হামুন" মোকাবিলায় প্রয়োজনীয় শুকনা খাবার যেমন,চিড়া, মুড়ি, মোমবাতি, দিয়াশলাই, গুড় ইত্যাদি মজুদ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান ,ইউনিয়ন পরিষদ সকল ও<br>সভাপতি বনিক সমিতি,<br>গলাচিপা, পটুয়াখালী। |

| | | |
|---|---|---|
| ০৮ | দুর্যোগপূর্ব ও দুর্যোগকালীন সময়ে চেয়ারম্যানগণ চৌকিদার এবং দফাদারদের প্রস্তুত রাখবেন। | চেয়ারম্যান ,ইউনিয়ন পরিষদ (সকল) গলাচিপা, পটুয়াখালী। |
| ০৯ | দুর্যোগকালীন সময়ে ইউনিয়নে সকল সরকারি/ব্যাক্তিমালিকানাধীন বড় বড় স্থাপনা জনগণের জন্য উম্মুক্ত রাখবেন। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) গলাচিপা, পটুয়াখালী। |
| ১০ | দুর্যোগকালীন সময়ে জনসাধারণ যাতে সহজে এবং নির্বিঘ্নে সাইক্লোন শেল্টারে আশ্রয় গ্রহণ করতে পারে সে জন্য আশ্রয়কেন্দ্রে প্রয়োজনীয় সংখক পুলিশ ফোর্স মোতায়েন করার সিদ্বান্ত গৃহিত হয়। | অফিসার ইন চার্জ , গলাচিপা, পটুয়াখালী। |
| ১১ | ঘূর্ণিঝড় কালীন মোকাবেলায় জনসাধারণ যাতে সহজে এবং নির্বিঘ্নে সাইক্লোন শেল্টারে আশ্রয় গ্রহণ করতে পারে সে জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্যদেরকে প্রস্তুত থেকে যোগাযোগের রাস্তায় গাছ পালা উপড়ে পড়লে তা কেটে দ্রুত অপসরনের জন্য অনুরোধ করা হল। | ষ্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স গলাচিপা, পটুয়াখালী। |
| ১২ | দুর্যোগকালীন সময়ে মেডিকেল টিম গঠন করে মাঠ পর্যায়ে কাজ করার সিদ্বান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ অফিসার গলাচিপা, পটুয়াখালী। |
| ১৩ | যে সকল পরিবার বেড়ীবাঁধের বাহিরে বসবাস করে তাদেরকে নিরাপদে সরিয়ে আশ্রয় কেন্দ্রে অবস্থান করার জন্য অনুরোধ করা হলো। | অফিসার ইন চার্জ ও চেয়ারম্যান ,ইউনিয়ন পরিষদ (সকল) গলাচিপা, পটুয়াখালী। |
| ১৪ | সকল ইউনিয়নের গুরুত্বপূর্ণ বাজার সমূহের ব্যবসায়ী সমিতির সভাপতিকে শুকনো খাবার যেমন: চিড়া, গুড়, চিনি, মোমবাতি, দিয়াশলাই এবং বিস্কুট পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মজুদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, বাজার ব্যবসায়ী সমিতি ও চেয়ারম্যান ,ইউনিয়ন পরিষদ (সকল) গলাচিপা, পটুয়াখালী। |
| ১৫ | চলাচলের রাস্তায় গাছ পালা উপড়ে পড়লে তা দ্রুত অপসারন করে বিদ্যুৎ সরবরাহ করার জন্য অনুরোধ করা হল। | এজি, এম পল্লী বিদ্যুৎ গলাচিপা, পটুয়াখালী। |

সভাপতি সভায় আরও জানান যে, সকল সিদ্ধান্তসমূহ আবহাওয়ার সংকেত জেনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উদ্ভুত পরিস্থিতি মোকাবেলায় উপজেলা প্রশাসনকে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের জন্য সকল অফিসের/বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণকে অনুরোধ করা হলো এবং সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থেকে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।

মো. মহিউদ্দিন আল হেলাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সহ-সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
গলাচিপা, পটুয়াখালী।

স্মারক নং ৫১.০১.৭৮৫৭.০০০.৯৭.২৪৫.২৩-২১৯ তারিখঃ ২৪/১০/২০২৩খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
০১। মাননীয় সংসদ সদস্য-১১৩, পটুয়াখালী -৩।
০২। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গলাচিপা, পটুয়াখালী।
০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, পটুয়াখালী।
০৫। উপজেলা ..................................................... অফিসার (সকল), গলাচিপা, পটুয়াখালী।
০৬। চেয়ারম্যান, ..................................................... ইউনিয়ন পরিষদ (সকল), গলাচিপা, পটুয়াখালী।
০৭। জনাব,................................................................. গলাচিপা, পটুয়াখালী।
০৮। অফিস কপি।

খোকন চন্দ্র দাস
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
গলাচিপা, পটুয়াখালী।